Cosmo School

শ্রেণি: অষ্টম

বিষয়: বাংলা ২য় পত্র শর্ট টেস্ট

বাক্য ও বিরাম চিহ্ন

১. সাধারণত কী দিয়ে বাক্য গঠিত হয়?
ক) কর্তা ও কর্ম খ) কর্তা ও ক্রিয়াপদ
গ) কর্ম ও ক্রিয়াপদ ঘ) কর্তা, কর্ম ও ক্রিয়াপদ
উত্তর ঃ ঘ) কর্তা, কর্ম ও ক্রিয়াপদ

২. বাক্যের 'একক' কী?
ক) উক্তি খ) বিভক্তি গ) উপসর্গ ঘ) শব্দ
উত্তর ঃ ঘ) শব্দ

৩. একটি সার্থক বাক্যের কয়টি গুণ বা বৈশিষ্ট্য থাকা প্রয়োজন?
ক) দুটি খ) তিনটিগ) চারটি ঘ) পাঁচটি
উত্তর ঃ খ) তিনটি

৪. বাক্যের অর্থ পরিষ্কারভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার ইচ্ছাকে বলে-
ক) আকাঙ্ক্ষা খ) যোগ্যতা
গ) আসত্তি ঘ) অর্থ সঙ্গতি
উত্তর ঃ ক) আকাঙ্ক্ষা

৫. বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসকে কী বলে?
ক) আকাঙ্ক্ষা খ) আসত্তিগ) আকুতি ঘ) আক্ষেপ
উত্তর ঃ খ) আসত্তি

৬. বাক্যের মৌলিক উপাদান কী?
ক) যোগ্যতা খ) আসত্তি গ) আকাঙ্ক্ষা ঘ) শব্দ
উত্তর ঃ ঘ) শব্দ

৭. বাক্যে যার সম্পর্কে কিছু বলা হয়, তাকে কী বলে?
ক) উদ্দেশ্য খ) বিধেয়
গ) সরল বাক্য ঘ) জটিল বাক্য
উত্তর ঃ ক) উদ্দেশ্য

৮. বাক্যে উদ্দেশ্য সম্পর্কে যা বলা হয়, তাকে কী বলে?
ক) উদ্দেশ্য খ) বিধেয় গ) সরল বাক্য ঘ) জটিল বাক্য
উত্তর ঃ খ) বিধেয়

৯. 'শিমুল মাঠে খেলতে গেল।'- এখানে 'বিধেয়' কোনটি?
ক) শিমুল খ) খেলতে গেল
গ) মাঠে খেলতে গেল ঘ) মাঠে
উত্তর ঃ গ) মাঠে খেলতে গেল

১০. খণ্ডবাক্য কয় রকমের হয়?
ক) দুই খ) তিন
গ) চার ঘ) পাঁচ
উত্তর ঃ ক) দুই

১১. বিশেষণ স্থানীয় অধীন খণ্ডবাক্যের উদাহরণ কোনটি?
ক) আমি বাড়ি গিয়ে দেখলাম, সবার খাওয়া হয়ে গেছে
খ) যে পরিশ্রম করে, সে-ই সুখ লাভ করে
গ) যদি তোর ডাক শুনে কেউ না আসে, তবে একলা চল রে
ঘ) আমি হাটে গিয়ে দেখলাম, মাংস শেষ হয়ে গিয়েছে
উত্তর ঃ খ) যে পরিশ্রম করে, সে-ই সুখ লাভ করে

১২. যে বাক্যে একটি কর্তা বা উদ্দেশ্য ও একটিই সমাপিকা ক্রিয়া থাকে, তাকে বলে-
ক) সরল বাক্য খ) জটিল বাক্য
গ) যৌগিক বাক্য ঘ) স্বাধীন বাক্য
উত্তর ঃ ক) সরল বাক্য

১৩. জটিল বাক্যের অন্য নাম কী?
ক) সরল বাক্য খ) মিশ্র বাক্য
গ) যৌগিক বাক্য ঘ) প্রধান খণ্ড বাক্য
উত্তর ঃ খ) মিশ্র বাক্য

১৪. দুই বা তার অধিক সরল বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে কী বলে?
ক) মিশ্র বাক্য খ) স্বাধীন খণ্ডবাক্য
গ) যৌগিক বাক্য ঘ) অধীন খণ্ডবাক্য
উত্তর ঃ গ) যৌগিক বাক্য

১৫. নিচের কোনটি যৌগিক বাক্যের উদাহরণ?
ক) যে পরিশ্রম করে, সে-ই সুখ লাভ করে
খ) যখন বিপদ আসে, তখন দুঃখও আসে
গ) লোকটি ধনী কিন্তু কৃপণ
ঘ) জগতে অসম্ভব বলে কিছু নেই
উত্তর ঃ গ) লোকটি ধনী কিন্তু কৃপণ

১৬. বাক্যে উদ্ধরণ চিহ্নের আগে কোনটি বসে?
ক) কমা খ) সেমিকোলন গ) কোলন ঘ) ড্যাস
উত্তর: ক) কমা

১৭. বাক্যে সম্বোধনের পর কী বসে?
ক) কমা খ) কোলন গ) সেমিকোলন ঘ) হাইফেন
উত্তর: ক) কমা

১৮. 'কোলনের' সাংকেতিক চিহ্ন কোনটি?
ক) :- খ) ; গ) : ঘ) " "
উত্তর: গ) :

১৯. নাটকের সংলাপের আগে কোন চিহ্ন বসে?
ক) কমা খ) কোলন গ) সেমিকোলন ঘ) হাইফেন
উত্তর: খ) কোলন

২০. দুটো শব্দের সংযোগ বোঝাতে কোন চিহ্ন বসে?
ক) কোলন ড্যাস খ) সেমিকোলন
গ) হাইফেন ঘ) ড্যাস
উত্তর: গ) হাইফেন